# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

বাবি- ০৫/৪৪০/২৩-২৪ **দরপত্র বিজ্ঞপ্তি** ০৯ মে ২০২৪

(২য় বার)

| | | |
|---|---|---|
| ০১। | ক্রয়কারী প্রতিষ্ঠানের নাম | খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা। |
| ০২। | ক্রয়তব্য মালামালের বিবরণ এবং পরিমান | 1. Material: M.S. Plate<br>2. Grade: Ship Breaking<br>3. Size: 1. (6000 x 2000 x 100) mm = 30,000 Kg<br>2. (6000 x 2000 x 80) mm = 25,000 Kg |
| ০৩। | দরপত্র বিক্রয়ের তারিখ | ১২ মে ২০২৪ হতে ২৯ মে ২০২৪ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)। |
| ০৪। | দরপত্র জমার তারিখ | ৩০ মে ২০২৪ (বেলা ১১.১৫ ঘটিকা পর্যন্ত)। |
| ০৫। | দরপত্র খোলার তারিখ ও সময় | ৩০ মে ২০২৩ বেলা ১১.৩০ ঘটিকায় খুলনা শিপইয়ার্ডের এমপ্লয়িজ ক্লাবে। |
| ০৬। | দরপত্র প্রাপ্তির স্থান | ক) খুলনা শিপইয়ার্ড লিঃ এর হিসাব বিভাগ (ক্যাশ শাখা) হতে অফিস চলাকালীন সময়ে।<br>খ) নৌ-উপভান্ডার, খিলক্ষেত নামা পাড়া, খিলক্ষেত, ঢাকা হতে অফিস চলাকালীন সময়ে। |
| ০৭। | দরপত্র দাখিলের স্থান | খুলনা শিপইয়ার্ড লিঃ এর প্রধান গেটে রক্ষিত টেন্ডার বক্সে বন্ধ খামে জমা প্রদান করতে হবে অথবা On line এ (email: oiccoml.ksy@gmail.com, dgml.ksy@gmail.com) এ দরপত্র দাখিল করা যাবে। |
| ০৮। | টেন্ডার ডকুমেন্টের মূল্য | টাঃ ২,০০০/- (টাকা দুই হাজার মাত্র অফেরতযোগ)। |
| ০৯। | জামানতের পরিমান | উদ্ধৃত দরের ৩% হারে খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে ডিডি /পে-অর্ডার আকারে (ফেরতযোগ্য) প্রদান করতে হবে । |
| ১০। | যোগাযোগের মাধ্যম | ফোন: ০২-৪৪১১০৯৮৭/ ৪৪১১০৯৯০<br>মোবাইল: ০১৯১৩ ০৯৫১৫৩<br>ফ্যাক্স: ৮৮-০২-৪৭৭৭২০৪০৪<br>ইমেইল: oiccoml.ksy@gmail.com, dgml.ksy@gmail.com<br>ওয়েবসাইট: www.khulnashipyard.com |
| ১১। | বিশেষ নির্দেশাবলী | খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন /সকল দরপত্র গ্রহণ / বাতিল করার অধিকার সংরক্ষন করেন। |

ডিজিএম (সিএন্ডপি)

# Khulna Shipyard Limited

Bangladesh NAVY

**Website: www.khulnashipyard.com E-mail : oiccoml.ksy@gmail.com, dgml.ksy@gmail.com**

## Tender Schedule

Tender No- (BABI)-05/440/23-24 Date: 12 May 2024

Opening Date: 30 May 2024

| Sl. No | Description of goods | Quantity | Unit Price | Total Price |
|---|---|---|---|---|
| **1.** | **1. Material: M.S. Plate**<br>**2. Grade:** Ship Breaking<br>**3. Size:** 1. (6000 x 2000 x 100) mm = 30,000 Kg<br>2. (6000 x 2000 x 80) mm = 25,000 Kg<br>**4. Purpose:** Shipbreaking plate will be used for mold forming through giving different shape and welding. It should be capable to resist impact load at working temperature.<br>**5. Terms & Conditions:**<br>**a.** All individual MS Plates should be free from excessive rust, corrosion, welding seam and surface irregularities/pitted.<br>**b.** All individual bare MS Plates Surface should be reasonably smooth to facilitate handling and processing.<br>**c.** Plus/Minus 10 (ten) percent tolerance in length and breadth is acceptable. Negative allowance is not acceptable in thickness of the material.<br>**d.** Weight will be counted as per theoretical weight basis. During theoretical weight measurement, fraction of thickness is not countable.<br>**e.** Plates should be securely packaged to prevent damage during transportation.<br>**f.** The goods can be delivered after the quality is satisfactory at on-site inspection by the representative of Khulna Shipyard Limited. | 55000 kg | Per Kg Tk. | |

1. Total Amount Of Taka : ………………………………………………………………...
2. Amount In Word : ………………………………………………………………...
3. Brand : ………………………………………………………………...
4. Country of origin : ………………………………………………………………...
5. Country of manufacture : ………………………………………………………………...
6. Year of manufacture : ………………………………………………………………...
7. Manufacturer : ………………………………………………………………...
………………………………………………………………………
8. Remarks : ……………………………………………………………………
………………………………………………………………………
9. Present Address : …………………………………………………………… …
………………………………………………………………………
10. Mobile Number : …………………………………………………………
11. Signature & Signature : ………………………………………………………...

12. Documents Check List Please √ Mark:
    - a) Copy of Trade License □
    - b) Copy of TIN Certificate □
    - c) Copy of VAT Registration Certificate □
    - d) Compliance Statements □
    - e) Experience Certificate (if any) □
    - f) Others ………………………… □

**Signature of Tender Committee:**

Signature Signature Signature

# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
## বাংলাদেশ নৌ বাহিনী
**Website: www.khulnashipyard.com E-mail : oiccoml.ksy@gmail.com, dgml.ksy@gmail.com**


**দরপত্র**

দরপত্র অনুসন্ধান নং-বাবি (এল)-০৫/৪৪০/২৩-২৪ তারিখঃ ১২ মে ২০২৪
ডকুমেন্ট বিক্রয় মূল্য টাকা ২০০০.০০ মাত্র

মেসার্স-----------------------
-----------------------------
-----------------------------
মোবাইলঃ
ইমেইলঃ

**M. S. Plate Ship Breaking- 55000 kg ক্রয় প্রসঙ্গে।**

খুলনা শিপইয়ার্ড লিমিটেড. বাংলাদেশ নৌবাহিনী, খুলনা সংযোজিত তালিকায় উল্লেখিত মালামাল সরবরাহের জন্য সীল মোহরযুক্ত খামে নিম্নোক্ত নিয়ম কানুন পালন সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে ঃ

১। দরপত্র প্রাপ্তির স্থান এবং ক্রয়ের সময় ঃ

ক) খুলনা শিপইয়ার্ড লিঃ এর হিসাব বিভাগ (ক্যাশ শাখা) হতে অফিস চলাকালীন সময়ে।
খ) নৌ-উপভান্ডার, খিলক্ষেত নামা পাড়া, খিলক্ষেত, ঢাকা হতে অফিস চলাকালীন সময়ে।
গ) দরপত্র ক্রয়ের শেষ সময় ২৯ মে ২০২৪, (অফিস চলামালীন সময় পর্যন্ত)।

২। দরপত্র জমা দেয়ার স্থান এবং দরপত্র দাখিল করার শেষ সময় ঃ

ক) খুলনা শিপইয়ার্ড লিঃ বিএন, খুলনা এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বক্সে নিজে অথবা প্রতিনিধি মারফত জমা করা যেতে পারে অথবা On line এ (ই-মেইলে- oiccoml.ksy@gmail.com **এ প্রেরন করা যাবে এবং** dgml.ksy@gmail.com কে CC তে রাখতে হবে) এ দরপত্র দাখিল করা যাবে। তবে ই-মেইলে দরপত্র প্রদেনের ক্ষেত্রে অবশ্যই আর্নেষ্ট মানি (পে অর্ডার) এবং দরপত্র ক্রয়ের মানি রিসিপ্ট/ সমপরিমান টাকার পে অর্ডার এর স্ক্যান কপি তারিখ ৩০ মে ২০২৪ বেলা **১১.১৫** ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে এবং ২৪ ঘন্টার মধ্যে মূল কপি বাণিজ্যিক লোকাল শাখায় পৌছাতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গন্য হবে। এছাড়া দরপত্র ডাকযোগে দরপত্র খোলার পূর্বে প্রেরণ করা যেতে পারে। উল্লেখ্য, ই-মেইল যোগে দরপত্র প্রেরনের পর বেলা **১১.১৫** ঘটিকার মধ্যে কর্তৃপক্ষকে (মোবাইলঃ ০১৭১৬ ৭০৩৪৭৭) ফোন করে নিশ্চিত করতে হবে।
খ) দরপত্র দাখিল করার শেষ সময় ৩০ মে ২০২৪, বেলাঃ **১১.১৫** ঘটিকা।

৩। দরপত্র খোলার তারিখ এবং সময় ঃ

ক) ৩০ মে ২০২৪ বেলাঃ **১১.৩০** ঘটিকা, উপস্থিত দরদাতাগণ অথবা তাদের মনোনিত প্রতিনিধিদের (যদি কেউ উপস্থিত থাকেন) সম্মুখে।

৪। দরপত্রের সিলিং এবং মার্কিং ঃ

ক) দরপত্র দাখিলের ক্ষেত্রে খামের উপরে টেন্ডার নম্বর, খোলার তারিখ এবং সময় উল্লেখ করতে হবে।

৫। জামানতের টাকা ঃ

ক) দরদাতাগণ দরপত্রের সাথে উদ্ধৃত মোট মূল্যের ৩% হারে আর্নেষ্ট মানি/ জামানতের টাকা এবং প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রের মূল্য ‘‘ ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিঃ’’ এর অনুকূলে তফশিলভূক্ত বাংলাদেশী যে কোন ব্যংকের পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে।
খ) জামানতের টাকা ব্যতীত যে কোন দরপত্র ননরেস্পসিভ হিসাবে গণ্য হবে এবং দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

৬। সরবরাহের শর্তাবলীঃ

ক) খুশিলির অভ্যন্তরে ফ্রি-ডেলিভারী এ্যাটসাইট শর্তে সরবরাহ করতে হবে।

৭। বিলম্বিত দরপত্রঃ

ক) দরপত্র খোলার নির্ধারিত সময়ের পর কোন দরপত্র পাওয়া গেলে তাহা বিলম্বিত দরপত্র হিসাবে গণ্য হবে এবং উক্ত দরপত্র বাতিল করে বন্ধ অবস্থায় সংশ্লিষ্ট দরদাতার নিকট ফেরৎ দেওয়া হবে।

৮। দরপত্রের মেয়াদঃ

ক) ক্রেতার বিবেচনার জন্য দরপত্রের মেয়াদ ৬০ (ষাট) দিন পর্যন্ত কার্যকরী এবং বলবৎ থাকবে।

৯। সরবরাহ পদ্ধতিঃ

ক) ক্রয়াদেশ প্রাপ্তির পর ৬০ (ষাট) দিন অথবা খুশিলি কর্তৃক নির্দেশিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।

১০। পিজি/ সিকিউরিটি মানিঃ

ক) ক্রয়াদেশ প্রাপ্তির পূর্বে কৃতকার্য দরদাতাকে পিজি/ সিকিউরিটি মানি হিসাবে ৫% হারে ক্রয়াদেশে উল্লেখিত মালামালের মোট মূল্যের উপর পে-অডার্র/ ডিডি সরকার অনুমোদিত ব্যাংক হতে খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে জমা দিতে হবে। পিজি পাওয়ার পর চুড়ান্ত ক্রয়াদেশ দেওয়া হবে।

খ) কৃতকার্য দরদাতা পিজি/ সিকিউরিটি মানি জমা দিতে ব্যর্থ হলে তাকে ক্রয়াদেশ/ চুক্তি দেওয়া হবে না এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

গ) চুক্তি/ ক্রয়াদেশে উল্লেখিত মালামাল সরবরাহে ব্যর্থ হলে সরবরাহকারীর সিকিউরিটি মানি /পিজি বাজেয়াপ্ত করা হবে।

১১। দরপত্রের ব্যখ্যাঃ

ক) দরপত্রের মূল্য পরীক্ষা, নির্ণয় ও তুলনা করার সুবিধার্থে ক্রেতা দরদাতার নিকট উহার যে কোন ব্যাখ্যা চাইতে পারেন। তবে এরূপ ক্ষেত্রে ব্যাখ্যার অনুরোধ এবং জবাব উভয়ই লিখিতভাবে হতে হবে এবং দরপত্রে উদ্ধৃত মূল্যের অথবা দরপত্রের বিষয় বস্তুর কোন পরিবর্তন করার অনুরোধ গ্রাহ্য হবে না।

১২। দ্রব্যের পরিমান কমানো বা বাড়ানোর ক্ষেত্রে ক্রেতার অধিকারঃ

ক) চুক্তি/ ক্রয়াদেশ অর্পনের সময় উদ্ধৃত মালামালের মূল্য এবং অন্যান্য শর্তাবলী পরিবর্তন ব্যতিরেকে ক্রেতা মালামালের পরিমান কমানো বা বাড়ানোর ক্ষমতা সংরক্ষণ করেন। এরূপ ক্রয়াদেশ/ চুক্তি কৃতকার্য দরদাতা উদ্ধৃত দরে গ্রহণ করতে এবং মানতে বাধ্য থাকবেন।

১৩। ক্রেতার দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতাঃ

ক) ক্রয়াদেশ অর্পনের পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। উৎপন্নকারী দেশঃ

ক) উদ্ধৃত মালামাল কোন দেশের তৈরী তা দরপত্রে অবশ্যই উল্লেখ করতে হবে।

১৫। পরিদর্শনঃ

ক) মালামাল সরবরাহের পূর্বে অথবা পরে চুড়ান্তভাবে গ্রহণের পূর্বে ক্রেতার নিজস্ব প্রতিনিধি অথবা তাদের মনোনীত এজেন্সী দ্বারা মালামালের গুনাগুন ও পরিমান (প্রযোজ্য ক্ষেত্রে) পরিদর্শনের ক্ষমতা ক্রেতা সংরক্ষণ করেন।

১৬। গ্যারান্টি /ওয়ারেন্টি সার্টিফিকেটঃ

ক) প্রদত্ত দরপত্রের সাথে মেয়াদ উল্লেখ পূর্বক গ্যারান্টি /ওয়ারেন্টি সার্টিফিকেট প্রদান করতে হবে।

১৭। নিম্নমানের সরবরাহঃ

ক) চুক্তি/ ক্রয়াদেশে বর্ণিত বির্নির্দেশ/ মান/ নমুনা বহির্ভুত কোন নিম্ন মানের মালামাল সরবরাহ করা হলে ক্রেতা উক্ত দ্রব্য সরাসরি বাতিল করতে পারেন যাহা সরবরাহকারী নিজস্ব খরচে ফেরৎ নিবেন এবং বাতিল সংক্রান্ত পত্র পাওয়ার ০৭ (সাত) দিন অথবা খুশিলি নির্ধারিত সময়ের মধ্যে সঠিক মানের মলামাল সরবরাহ করবেন।

১৮। বিলম্বে সরবরাহ এবং ক্ষতি পূরনঃ

ক) যদি সরবারহকারী/ ঠিকাদার নির্দিষ্ট তারিখের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হন তাহা হলে ক্রেতা নিম্নবর্ণিত যে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারেনঃ

ক-১) ক্রয়াদেশে বর্ণিত সময়সীমা উত্তীর্ন হওয়ার পর মালামাল সরবরাহ করা হলে প্রতি সপ্তাহ অথবা তার অংশ বিশেষ এর জন্য ০.৫% হারে এলডি এবং সরবরাহে অধিক বিলম্বের জন্য অথবা বিলম্বের কারনে উৎপাদন ব্যহত হলে বা কোন ক্ষতি হলে প্রতি সপ্তাহ অথবা তার অংশ বিশেষ এর জন্য অনধিক ১% হারে এলডি সরবরাহকারীর নিকট হতে কর্তন করা হবে।

ক-২) সরবারহকারী/ ঠিকাদারকে নোটিশ মারফত জানাইয়া অসরবরাহকৃত মালামাল অন্যত্র হতে খরিদ করিয়া অতিরিক্ত খরচ (যদি কিছু থাকে) সরবরাহকারীর নিকট হতে আদায় করা হবে।

১৯। বিল পরিশোধঃ

ক) খুশিলি কর্তৃক মালামাল গ্রহন সাপেক্ষে সরবরাহকৃত মালামালের আনুসাংগিক সমস্ত কাগজপত্র চালান সহ তিন কপি বিল দাখিল করা হলে সরবরাহকারীকে খুশিলির বিধি অনুযায়ী ভ্যাট, ট্যাক্স কর্তন পরবর্তী বিল পরিশোধ করা হবে।

২০। দরপত্রের মূল্যায়নঃ

ক) দরপত্রের শর্তাবলীর, কারিগরী বিনির্দেশ, সরবরাহের নিয়মাবলী, মূল্য এবং ক্রেতার পক্ষে সুবিধাজনক কোন বিষয়ের ভিত্তিতে দরপত্রের মূল্যায়ন করা হবে।

২১। ক্রয়াদেশ/ চুক্তি অর্পনঃ

ক) ক্রেতা সেইরুপ কৃতকার্য দরদাতার উপর ক্রয়াদেশ অর্পন করবেন যার দরপত্র প্রকৃতভাবে গ্রহণযোগ্য এবং সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হয়েছেন।

খ) ক্রেতা পৃথক পৃথক দ্রব্যের উপর সর্বনিম্ন গৃহীত দরের ভিত্তিতে যে কোন দরদাতার উপর ক্রয়াদেশ অর্পন করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ ব্যবস্থা যদি কোন দরদাতা প্রত্যাখান করেন তা হলে তার জামানতের টাকা বাজেয়াপ্ত করণ অথবা তার বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

২২। কর এবং লেভি ঃ

ক) সংশ্লিষ্ট মালামালের উপর সরকার কর্তৃক ধার্যকৃত অথবা কোন এজেন্সির প্রাপ্য সমস্ত প্রকার কর দ্রব্য মূল্যের সাথে সংযোজিত বলিয়া বিবেচিত হবে।

২৩। সর্বস্বত্ব সংরক্ষণ অংগীকারঃ

ক) ক্রেতা কর্তৃক সরবরাহকৃত মালামাল ব্যবহারের ক্ষেত্রে কোন পেটেন্ড, ট্রেডমার্ক, ইন্ডাষ্ট্রিয়াল ডিজাইনের অধিকার লংঘন করার ব্যাপারে তৃতীয় পক্ষীয় সকল দাবির ক্ষতিপূরণ সরবরাহকারীকে বহন করতে হবে।

২৪। দরপত্র দাখিলের পর ইহা বুঝাবে যে, দরপত্রে উল্লেখিত সমস্ত শর্তাবলী দরদাতা কর্তৃক গৃহীত বা স্বীকৃত হয়েছে যদি না দরদাতা তার বিপরীতে কোন স্পষ্ট বক্তব্য রাখেন।

২৫। দরপত্র বাতিলের কারন ঃ

ক) যদি টেন্ডার সিডিউলে দরদাতার যথাযথ সীল ও স্বাক্ষরসহ দরপত্র সংযুক্ত না থাকে।
খ) যদি টেন্ডার সিডউল ক্রয়ের প্রমান হিসাবে মানি রিসিপ্ট দরপত্রের সাথে সংযুক্ত না থাকলে।
গ) যদি আর্ণেষ্ট মানি টাকা যথাযথ নিয়মে এবং যথাযথ পরিমানে দরপত্রের সাথে সংযুক্ত না থাকে।
ঘ) যদি ব্যাংক গ্যারান্টি মারফত প্রদত্ত জামানতের টাকার পরিমান ও সময় দরপত্র অনুসন্ধানের প্রয়োজন মোতাবেক না হয়।
ঙ) দরপত্র খোলার পর যদি দরদাতা দরপত্রে বর্ণিত মূল্য, বিনির্দেশ অথবা অন্য কোন শর্তাবলীর সংযোজন বা পরিবর্তন করেন।

২৬। দরপত্রের সাথে প্রয়োজনীয় ডকুমেন্টঃ

ক) টেন্ডার সিডউল ক্রয়ের প্রমান হিসাবে মানি রিসিপ্ট দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।
খ) দরপত্রের সাথে হাল সনের ট্রেড লাইসেন্স, ব্যাংক স্বচ্ছলতা ও ইনকাম ট্যাক্স নিবন্ধিত সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
গ) টেন্ডারে অংশগ্রহণকারীকে সরকারী বিধি মোতাবেক কাষ্টমস কর্তৃপক্ষের নিবন্ধিত মুসক সেবার কোড এস ০৩৭.০০ এর আওতাধীন যোগানদার হিসাবে মূল্য সংযোজন কর নিবন্ধিত হতে হবে এবং টেন্ডারের সাথে মুসক নিবন্ধন পত্রের কপি সংযুক্ত করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

এম এম খায়রুল আলম
উর্ধ্বতন বাণিজ্যিক কর্মকর্তা
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

সংলগ্নিঃ
ক্রোড়পত্র---------------- পাতা।

আমি/ আমরা অত্র প্রতিষ্ঠানের সকল প্রকার নিয়মনীতি মেনে ব্যবসা কর্য পরিচালনা করতে বাধ্য থাকব।

প্রতিষ্ঠানের সীল /মোহরঃ

স্বাত্ত্বাধীকারীর স্বাক্ষর ও তারিখ

**টেন্ডার কমিটির স্বাক্ষর**

বাণিজ্যিক শাখা | হিসাবরক্ষন বিভাগ | ব্যবহারকারী